নং: ১৫.৫৫.০০০০.৪০১.২৫.০২৫.২১.১৭৮

তারিখ: ৩১ জুলাই ২০২২ খ্রি.

# প্রেস রিলিজ

ঢাকা, ৩১ জুলাই ২০২২ খ্রি.

আজ বিকেলে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের শেখ রাসেল অডিটোরিয়ামে Platforms for Dialogue প্রকল্পের আওতায় ২০ জন গণমাধ্যমকর্মীকে NIMC Media Awards-2022 প্রদান করা হয়। P4D প্রকল্পটি বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ ও ইউরোপিয়ন ইউনিয়ন এর যৌথ উদ্যোগে, ব্রিটিশ কাউন্সিলের কারিগরি সহায়তায়, প্রধান ৪টি জাতীয় প্রশিক্ষণ প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। এই প্রকল্পের উদ্দেশ্য বাংলাদেশ সরকার কর্তৃক প্রণীত সুশাসনের ৫টি কৌশলপত্রের বিষয়ে প্রচারণা, সচেতনতা সৃষ্টি এবং প্রয়োগ উৎসাহিত করার মাধ্যমে জনগণের ক্ষমতায় সুদৃঢ় করণ।

পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ, এমপি। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক শাহিন ইসলাম, এনডিসির সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মো: মকবুল হোসেন পিএএ এবং মন্ত্রিপরিষদ বিভাগের সম্মানিত সচিব সমন্বয় ও সংস্কার জনাব মো: সামসুল আরেফিন, ইউরোপিয়ন ইউনিয়নের প্রথম সচিব, টিম লিডার (শিক্ষা) জনাব হ্যান্স ল্যাম্বব্রিচট এবং ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশ-এর কান্ট্রি ডিরেক্টর মি. টম মিশসাহ উপস্থিত ছিলেন। সেই সাথে পিফরডি প্রকল্পের পরিচালক এবং মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্মসচিব মিজ আয়েশা আক্তার ও পিফরডি প্রকল্পের টিম লিডার মি. আর্সেন স্টেফেনিয়ন সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট প্রকল্প সংশ্লিষ্ট ২১ টি জেলার প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার কর্মীদের সরকার প্রণীত সুশাসনের ৫টি কৌশলপত্র যথা : জাতীয় শুদ্ধাচার কৌশল, তথ্য অধিকার আইন, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্বন্ধে গণমাধ্যমকর্মীদের প্রশিক্ষণ প্রদান করেছে। এছাড়াও নারী সাংবাদিক, বাংলাদেশ বেতার এবং কমিউনিটি বেতারকর্মীদের পৃথক প্রশিক্ষণ প্রদান করেছে। এর মাধ্যমে গণমাধ্যমকর্মীগণ সুশাসনের কৌশল ও প্রয়োগ পদ্ধতি সম্বন্ধে সচেতন হয়েছেন। সাধারণ জনগণের কাছে এ বিষয়গুলো নিয়ে তথ্য উপস্থাপনে উৎসাহিত করার লক্ষ্যে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট তাদের প্রচারিত বার্তা, অনুষ্ঠান/সংবাদ নিয়ে এই প্রতিযোগিতার আয়োজন করেছে। প্রতিযোগিতায় প্রায় ৩০০ (তিনশত)টি কনটেন্ট পাওয়া যায়। প্রাপ্ত কন্টেন্টগুলো জুরি বোর্ড কর্তৃক বিচার-বিশ্লেষণের পর ভিডিও ক্যাটাগরিতে ৪ (চার) জন, প্রিন্ট ক্যাটাগরিতে ৭ (সাত) জন এবং অডিও ক্যাটাগরিতে ৯ (নয়) জনসহ মোট ২০ (বিশ) জনকে পুরস্কার প্রদান করা হয়।

৩১.৭.22

আবদুল হান্নান
(গণসংযোগ কর্মকর্তা)
ফোন : ৫৫০৭৯৪৩৮-৪২

বিতরণ:

১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা।

২। মুখ্য বার্তা সম্পাদক/চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা / এটিএন বাংলা/চ্যানেল আই/একুশেটিভি/এনটিভি/সময়টিভি/দৈনিক ইত্তেফাক/দৈনিক জনকন্ঠ/দৈনিক প্রথম আলো/দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিকভোরের পাতা/দৈনিকসকালের খবর/দৈনিক ভোরের কাগজ।

৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনটিস্টিউট, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

NATIONAL INSTITUTE OF MASS COMMUNICATION
MINISTRY OF INFORMATION & BROADCASTING
Government of the People's Republic of Bangladesh

নং: ১৫.৫৫.০০০০.৪০১.২৫.০২৫.২১.১৭৮

তারিখ: ৩১ জুলাই ২০২২ খ্রি.

## প্রেস রিলিজ

ঢাকা, ৩১ জুলাই ২০২২ খ্রি.

আজ বিকেলে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের শেখ রাসেল অডিটোরিয়ামে Platforms for Dialogue প্রকল্পের আওতায় ২০ জন গণমাধ্যমকর্মীকে NIMC Media Awards-2022 প্রদান করা হয়। P4D প্রকল্পটি বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ ও ইউরোপিয়ন ইউনিয়ন এর যৌথ উদ্যোগে, ব্রিটিশ কাউন্সিলের কারিগরি সহায়তায়, প্রধান ৪টি জাতীয় প্রশিক্ষণ প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। এই প্রকল্পের উদ্দেশ্য বাংলাদেশ সরকার কর্তৃক প্রণীত সুশাসনের ৫টি কৌশলপত্রের বিষয়ে প্রচারণা, সচেতনতা সৃষ্টি এবং প্রয়োগ উৎসাহিত করার মাধ্যমে জনগণের ক্ষমতায় সুদৃঢ় করণ।

পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ, এমপি। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক শাহিন ইসলাম, এনডিসির সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মো: মকবুল হোসেন পিএএ এবং মন্ত্রিপরিষদ বিভাগের সম্মানিত সচিব সমন্বয় ও সংস্কার জনাব মো: সামসুল আরেফিন, ইউরোপিয়ন ইউনিয়নের প্রথম সচিব, টিম লিডার (শিক্ষা) জনাব হ্যান্স ল্যাম্বব্রিচট এবং ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশ-এর কান্ট্রি ডিরেক্টর মি. টম মিশসাহ উপস্থিত ছিলেন। সেই সাথে পিফরডি প্রকল্পের পরিচালক এবং মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্মসচিব মিজ আয়েশা আক্তার ও পিফরডি প্রকল্পের টিম লিডার মি. আর্সেন স্টেফেনিয়ন সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট প্রকল্প সংশ্লিষ্ট ২১ টি জেলার প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার কর্মীদের সরকার প্রণীত সুশাসনের ৫টি কৌশলপত্র যথা : জাতীয় শুদ্ধাচার কৌশল, তথ্য অধিকার আইন, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্বন্ধে গণমাধ্যমকর্মীদের প্রশিক্ষণ প্রদান করেছে। এছাড়াও নারী সাংবাদিক, বাংলাদেশ বেতার এবং কমিউনিটি বেতারকর্মীদের পৃথক প্রশিক্ষণ প্রদান করেছে। এর মাধ্যমে গণমাধ্যমকর্মীগণ সুশাসনের কৌশল ও প্রয়োগ পদ্ধতি সম্বন্ধে সচেতন হয়েছেন। সাধারণ জনগণের কাছে এ বিষয়গুলো নিয়ে তথ্য উপস্থাপনে উৎসাহিত করার লক্ষ্যে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট তাদের প্রচারিত বার্তা, অনুষ্ঠান/সংবাদ নিয়ে এই প্রতিযোগিতার আয়োজন করেছে। প্রতিযোগিতায় প্রায় ৩০০ (তিনশত)টি কনটেন্ট পাওয়া যায়। প্রাপ্ত কন্টেন্টগুলো জুরি বোর্ড কর্তৃক বিচার-বিশ্লেষণের পর ভিডিও ক্যাটাগরিতে ৪ (চার) জন, প্রিন্ট ক্যাটাগরিতে ৭ (সাত) জন এবং অডিও ক্যাটাগরিতে ৯ (নয়) জনসহ মোট ২০ (বিশ) জনকে পুরস্কার প্রদান করা হয়।

৩১.৭.22

**আবদুল হান্নান**
(গণসংযোগ কর্মকর্তা)
ফোন : ৫৫০৭৯৪৩৮-৪২

**বিতরণ:**

১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা।
২। মুখ্য বার্তা সম্পাদক/চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা / এটিএন বাংলা/চ্যানেল আই/একুশেটিভি/এনটিভি/সময়টিভি/দৈনিক ইত্তেফাক/দৈনিক জনকণ্ঠ/দৈনিক প্রথম আলো/দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিকভোরের পাতা/দৈনিকসকালের খবর/দৈনিক ভোরের কাগজ।
৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনটিস্টিউট, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।